দৈনিক বাংলা

তারিখ 12 MAY 1991
পৃষ্ঠা 6 কলাম 1

21

# নকল ধরতে গিয়ে আহত শিক্ষকদের ক্ষতিপূরণ দেয়া হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম দু'দিনে পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন-কালে যে সকল শিক্ষক, সরকারী প্রশাসন ও শান্তি-শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তা ও কর্মচারী সাহসিকতার পরিচয় দিয়েছেন তাদের ভূয়সী প্রশংসা করে বলেছেন, জাতি তাদের জন্যে গর্ববোধ করে।

ঢাকায় এক বিবৃতিতে রোববার শিক্ষামন্ত্রী বলেন, দীর্ঘদিন থেকে শিক্ষাঙ্গনগুলিতে একটি অশুভ চক্র কাজ করে চলেছে, যারা দেশের এই পবিত্র সম্পদকে ধ্বংস করে দিতে চায়। 'এই শক্তির কাছে আমরা মাথা নত করে দিতে পারি না'-মন্তব্য করে শিক্ষামন্ত্রী সকল সৎ ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের এর মোকাবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণের আহবান জানান।

শিক্ষামন্ত্রী ঘোষণা করেন, যে সকল শিক্ষক পরীক্ষা কেন্দ্রে সততার সঙ্গে দায়িত্ব পালন করতে গিয়ে নকলবাজ ও বহিরাগতদের হাতে আহত অথবা অন্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের জন্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে আর্থিক সহায়তা দেয়া হবে।

তিনি বলেন, পরীক্ষা কেন্দ্রের ভিতরে সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার বিষয়টি সম্পূর্ণই শিক্ষকদের দায়িত্বের ব্যাপার।